গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-২৪৩

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ / ১৪ আগস্ট ২০২৫

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে আবর্তক অনুদান খাতে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ সিটি কর্পোরেশনের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১ম কিস্তির অর্থ অবমুক্তকরণ।**

জনাব,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে, চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ সিটি কর্পোরেশনের অনুকূলে আবর্তক অনুদান খাতে (১৩৭০১০১-১৪১০০০০০০-৩৬৩১১০৯) বরাদ্দকৃত মোট ১০০০.০০ লক্ষ (দশ কোটি) টাকা হতে ১ম কিস্তিতে নিম্নবর্ণিত ১২টি সিটি কর্পোরেশনের অনুকূলে নামের পাশে উল্লিখিত হারে অর্থ অবমুক্তকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| **ক্রমিক** | **সিটি কর্পোরেশনের নাম** | **২০২৫-২০২৬ অর্থ বছরে ১ম কিস্তিতে বরাদ্দকৃত অর্থ (লক্ষ টাকায়)** |
|---|---|---|
| ১. | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | ৩৩.০১ |
| ২. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | ৬৬.৮০ |
| ৩. | চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৫০.১৬ |
| ৪. | খুলনা সিটি কর্পোরেশন | ৮.৭৭ |
| ৫. | রাজশাহী সিটি কর্পোরেশন | ৮.৫৭ |
| ৬. | বরিশাল সিটি কর্পোরেশন | ৪.৪৯ |
| ৭. | সিলেট সিটি কর্পোরেশন | ৮.১০ |
| ৮. | কুমিল্লা সিটি কর্পোরেশন | ৫.৪৭ |
| ৯. | রংপুর সিটি কর্পোরেশন | ৮.৪৯ |
| ১০. | গাজীপুর সিটি কর্পোরেশন | ৩৭.৪৭ |
| ১১. | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন | ১২.০১ |
| ১২. | ময়মনসিংহ সিটি কর্পোরেশন | ৬.৬৬ |
| | **মোট=** | **২৫০.০০** |

২। নিম্নবর্ণিত শর্তে এ অর্থ ছাড় করা হলো:

(ক) আবশ্যিক ভাবে এ খাতের অর্থ প্রাথমিক স্বাস্থ্যসেবা যেমন: প্রজনন স্বাস্থ্যসেবা, নবজাতক ও শিশু স্বাস্থ্যসেবা, পুষ্টি সেবা, সংক্রামক রোগ নিয়ন্ত্রণ, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ, সাধারণ রোগের চিকিৎসা, স্বাস্থ্য শিক্ষা ও যোগাযোগের মাধ্যমে আচরণ পরিবর্তন সেবা, রোগ নিরূপণ সেবা, এ্যাম্বুলেন্স সেবা, পরিবার কল্যাণ সেবা ইত্যাদি খাতে ব্যয় করতে হবে। অন্য কোনো কাজে এ খাতের অর্থ ব্যয় করা যাবে না;

(খ) ছাড়কৃত অর্থ সিটি কর্পোরেশনের জনসংখ্যা, আয়তন এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রাথমিক স্বাস্থ্যসেবা গ্রহীতার সংখ্যার ভিত্তিতে ব্যয় করতে হবে;

(গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(ঘ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ (যদি থাকে) ৩০ জুন, ২০২৬ এর মধ্যে সরকারি কোষাগারে চালানযোগে জমা প্রদান করতে হবে;

(ঙ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল উত্তোলনকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(চ) ১৫ জুলাই, ২০২৬ এর মধ্যে ব্যয়িত অর্থের প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

(চলমান পৃষ্ঠা-১/২)

৩। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তাগণ মঞ্জুরিকৃত এ অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

14.08.2025

জিয়াউর রহমান
উপসচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ই-মেইল: urbandev1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-২৪৩/১(১৪)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২
১৪ আগস্ট ২০২৫

**সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: উপসচিব, বাজেট-১১ শাখা];
২. প্রকল্প পরিচালক, আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট-২য় পর্যায়;
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা ............................................... সিটি কর্পোরেশন (সকল);
৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. যুগ্মসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. উপসচিব (সিটি কর্পোরেশন-২/ বাজেট শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. প্রশাসক/মেয়র-এর একান্ত সচিব ....................................... সিটি কর্পোরেশন (সকল);
১০. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ;
১১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা...................................... সিটি কর্পোরেশন (সকল);
১২. ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ;
১৩. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (নগর উন্নয়ন-৩ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
১৪. অফিস কপি।

14.08.2025

জিয়াউর রহমান
উপসচিব